দৈনিক বাংলা

043

তারিখ 09 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 6

# ৯২ সালের এসএসসি পরীক্ষা নয়া পদ্ধতিতে হবে

মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্ক ফোর্স গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদের সভাপতিত্বে এক বৈঠকে মিলিত হয়। এক সরকারী তথ্য বিবরণীতে একথা বলা হয়।

পরিবর্তিত চাহিদার সাথে সামঞ্জস্য বিধানের জন্য মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা পদ্ধতির পুনর্বিন্যাসের আশু প্রয়োজনীয়তার ওপর মন্ত্রী বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এ ধরনের সংস্কারের মাধ্যমে বর্তমান পদ্ধতির বহু ত্রুটি-বিচ্যুতি দূরীভূত হবে।

শিক্ষা গবেষণা ইনস্টিটিউটের

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ৯২ সালে

(১-এর পৃঃ পর)

সাবেক ডিরেক্টর ডঃ মাযহারুল হকের নেতৃত্বে ১৯৮৩ সালে টাস্ক ফোর্স পরীক্ষা পদ্ধতির এক ব্যাপক নিরীক্ষা পরিচালনা করে।

সভায় টাস্ক ফোর্সের রিপোর্ট আলোচিত হয় এবং সিদ্ধান্ত নেয়া হয় যে ১৯৮৯ সালের জানুয়ারী হতে বর্ণনামূলক প্রশ্নাবলীর পাশাপাশি অবজেক্টিভ ধরনের প্রশ্নাবলী প্রবর্তনের মাধ্যমে অষ্টম শ্রেণী থেকে বর্তমান পরীক্ষা পদ্ধতির স্থলে আরও বিজ্ঞানসম্মত পদ্ধতি চালু করা হবে।

নয়া সংস্কার কাঠামো ১৯৯২ সালের এসএসসি পরীক্ষায় প্রযোজ্য হবে।

বাসস্র খবরে বলা হয়, সভা টাস্ক ফোর্সকে এ সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে একটা জরুরী পরিকল্পনা প্রণয়ন করতে বলেছে।